

সহযোগিতা এবং মানিয়ে নেয়া



আপনাকে আপনার বাসায়
স্বাধীনভাবে বাস করতে
সাহায্য করা

সহযোগিতা এবং মানিয়ে নেয়া

আমরা চাই যেন আপনি ঘরে স্বাধীনভাবে বাস করতে পারেন। যদি চলাফেরা করতে, সিঁড়ি বেয়ে উঠতে অথবা বাথের ভেতরে নামতে ও সেখান থেকে উঠতে সমস্যা হয় অথবা যদি আপনার হুইলচেয়ার লাগে তাহলে আমরা আপনার ঘরকে সেই অনুযায়ী বদলে দিতে পারব যেন আপনি খাপ খাইয়ে নিতে পারেন। আমরা আপনাকে সাহায্যের জন্য হাতে ধরা বা আকড়ে ধরার রেইলের ব্যবস্থা করে দিতে পারি।

কিভাবে আপনাকে যাচাই করা হতে পারে

লন্ডন বারা অফ টাওয়ার হ্যামলেটসের অকুপেশনাল থেরাপী সেকশান প্রথমে আপনার চাহিদা যাচাই করে দেখবে।


তাদের সাথে যোগাযোগ করার জন্য আমরা আপনাকে সাহায্য করতে পারি অথবা আপনি সোম থেকে শুক্রবার সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত সরাসরী তাদের সাথে **020 7364 5948** অথবা **020 7364 5945** নাম্বারে ফোন করতে পারেন। আপনি

occupationaltherapy@towerhamlets.gov.uk

আপনি আপনার ডাক্তারের সার্জারীর মাধ্যমে অকুপেশনাল থেরাপী সার্ভিসের সাথে যোগাযোগ করতে পারেন।

এর পরে কি হবে?

কি করতে হবে সেটি ঠিক করার জন্য প্রথমে অকুপেশনাল থেরাপিস্ট আপনাকে যাচাই করবেন। তারা এটি ফোনের মাধ্যমে অথবা আপনার বাসায় এসে করতে পারেন। কি করতে হবে সেটি তারা তাদের রিপোর্টে লিখবেন এবং আমরা এই রিপোর্ট হাতে পাব। এর ভেতরে সিঁড়ি অথবা আকড়ে ধরার রেইল বসানো, র‍্যাম্পের মাধ্যমে আপনার ঘরে প্রবেশ সহজ করে তোলা, দরজা চওড়া করা অথবা একটি স্টেয়ারলিফট বসানোর মত ছোটখাট বা আপনার রান্নাঘর ও গোসলখানা পরিবর্তনের মত বড়সড় পরিবর্তনের কাজ করার মাধ্যমে নিরাপত্তা বৃদ্ধির বিষয় অর্ন্তভুক্ত থাকতে পারে। আপনি ছোটখাট পরিবর্তনের কাজগুলি ২৮ দিনের ভেতরে শেষ করা হবে বলে আশা করতে পারেন।





কে খরচ দিবেন?

অধিকাংশ পরিবর্তনের কাজগুলির খরচ আমরা দিয়ে থাকি এবং আপনার কোন কাজ করতে হবে কিনা সেটি আমরা বলতে পারব। (যদি আমরা পরিবর্তনের জন্য খরচ দেই তার ফলে আপনার ভাড়া বাড়বে না।)

এছাড়াও আপনি ডিজএ্যাবেল ফ্যাসিলিটি গ্র্যান্ট (ডিএফজি) স্কিম ব্যবহার করতে পারেন। (রেজিস্টার্ড ডিজএ্যাবেল লোকদের জন্য এটি একটি সরকারী অনুদান, এর মাধ্যমে লেভেল এক্সেস শাওয়ার, স্টেয়ারলিফট এবং বিশেষ সরঞ্জামগুলির খরচ প্রদান করা হয়।) আপনি অনুদান পেতে পারেন কিনা সেটি জানার জন্য আমরা আপনার পক্ষ হয়ে একটি ডিএফজি আবেদন করব।

যদি ডিসেন্ট হোমস্ স্ট্যান্ডার্ডের আওতায় ভবিষ্যতে আপনার রান্নাঘর এবং গোসলখানা উন্নয়নের কাজ করার পরিকল্পনা থাকে (একটি ডিসেন্ট হোমস্ হল যেটি বাতাস এবং আবহাওয়া প্রতিরোধী, উষ্ণ এবং যেটিতে আধুনিক সুযোগসুবিধা আছে) কিন্তু সেটি যদি অল্প কিছু দিনের ভেতরে করার পরিকল্পনা না থাকে তাহলে আমরা যত তাড়াতাড়ি সম্ভব এই পরিবর্তনের কাজগুলি করার এবং রিজেনারেশন বাজেটের মাধ্যমে এই খরচ পরিশোধের চেষ্টা করব।

উপরের যেকোন একটির সম্বন্ধে আরো জানতে হলে দয়া করে **020 8880 7825** নাম্বারে ফোন করুন।

আমরা নিচের কাজগুলি করব

- আমরা আপনার চাহিদা যাচাই করার জন্য অনুরোধ করতে সাহায্য করব, লন্ডন বারা অফ টাওয়ার হ্যামলেটসের একজন অকুপেশনাল থেরাপিস্ট এই কাজটি করবেন।
- যদি দরকার হয় তাহলে আমরা আপনাকে লন্ডন বারা অফ টাওয়ার হ্যামলেটস্ থেকে প্রয়োজনীয় পরিবর্তনের জন্য যে খরচ হবে সেটি আদায়ের জন্য একটি অনুদান দাবী করতে সাহায্য করতে পারি (অধিকাংশ ছোটখাট পরিবর্তনের জন্য অনুদানের দরকার হয় না)।
- অকুপেশনাল থেরাপিস্টের সাথে সাক্ষাতের জন্য আমরা আপনাকে সাহায্য করব।
- আমরা পরিবর্তন সাধন অথবা নতুন জিনিস বসানোর কাজ তদারকি করব।
- কাজ করার জন্য আমরা আমাদের অভিজ্ঞ বিস্তারদের ব্যবহার করব।
- আমরা যে কাজ করব সেটিতে যেন আপনি সন্তুষ্ট হন সেটি আমরা নিশ্চিত করব।
- আমরা যেভাবে কাজ করছি এবং এই সাহায্য খাপ খাইয়ে নেয়ার সেবা যেভাবে পরিচালনা করছি তার সম্বন্ধে আপনার মতামতকে স্বাগত জানাবো।

কিভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন

ইস্টএন্ডহোমস্ হেড অফিস

Tayside House, 31 Pepper Street,
London E14 9RP

ইমেইল: enquiries@eastendhomes.net

টেলি: 020 7517 4700

ফ্যাক্স: 020 7515 0218

মাইল এন্ড হাউজিং সেন্টার

38 Wager Street, London E3 4JE

ইমেইল: mileend@eastendhomes.net

টেলি: 020 8880 7055

ফ্যাক্স: 020 8880 7810

আইল্যান্ড গার্ডেনস্ নেইবারহুড সেন্টার

137 Manchester Road, London E14 3DN

ইমেইল: islandgardens@eastendhomes.net

টেলি: 020 7538 2340

ফ্যাক্স: 020 7537 0512

সেন্ট জর্জেস্ হাউজিং সেন্টার

Shearsmith House, Hindmarsh Close, London
E1 8HP

ইমেইল: stgeorges@eastendhomes.net

টেলি: 020 7481 4110

ফ্যাক্স: 020 7481 4082

হল্যান্ড হাউজিং সেন্টার

35 Commercial Street, London E1 6BD

ইমেইল: holland@eastendhomes.net

টেলি: 020 7456 6700

ফ্যাক্স: 020 7456 6737

গ্ল্যামিস হাউজিং সেন্টার

Ground Floor, Roslin House, Brodlove Lane,
London E1W 3EL

ইমেইল: glamis@eastendhomes.net

টেলি: 020 7791 7947

ফ্যাক্স: 020 7791 7983

আপনি **07961 941584** নাম্বারে টেক্সট মেসেজ পাঠাতে পারেন।

লিফলেটগুলি

নিচের বিষয়গুলির উপরে আমরা লিফলেট প্রকাশ করেছি

- মেরামত
- ভাড়া
- সার্ভিস চার্জ
- অসামাজিক কার্যকলাপ
- গ্রাহক সেবা
- এস্টেট সার্ভিস
- বাসিন্দাদের জড়িত করা
- ভাড়া

এই লিফলেটটি অন্যান্য ভাষা যেসব ফরম্যাটে পাওয়া যায়

আপনি অনুরোধ করলে বিভিন্ন ধরনের ফরম্যাটে এই ডকুমেন্টের কপি পেতে পারেন, এর ভেতরে আছে:

- বাংলা ও সোমালীর মত অন্যান্য কমিউনিটি ভাষা
- ব্রেইল
- বড় অক্ষর
- অডিও টেপ

ভিন্ন কোন ফরম্যাটের জন্য অনুরোধ করতে চাইলে দয়া করে আপনার লোকাল হাউজিং সেন্টারের সাথে যোগাযোগ করুন।

